

# সোনামণি কেন্দ্রীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৬



## ঘ- গ্রুপ :

বয়স : ৭ থেকে ১৫ বছর (প্রতিযোগীর জন্ম তারিখ ৪ঠা সেপ্টেম্বর ২০১১ এর পরে এবং ৪ঠা সেপ্টেম্বর ২০১৯ এর পূর্বে হতে হবে)।

♦ প্রতিযোগিতার বিষয় : জাগরণী

পরীক্ষা পদ্ধতি : জাগরণী মৌখিকভাবে অনুষ্ঠিত হবে, যার মান হবে ৭৫।  
ইসলামী জ্ঞান ২০ নম্বর এমসিকিউ এবং ৫ নম্বর লিখিতভাবে অনুষ্ঠিত হবে।

## প্রতিযোগিতার নীতিমালা

১. ৩১শে আগস্টের পূর্বে প্রত্যেক প্রতিযোগীকে ৩০/- (ত্রিশ) টাকা রেজিস্ট্রেশন ফী প্রদান করে অবশ্যই অনলাইনে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের সময় জন্মনিবন্ধনে উল্লিখিত নাম, ঠিকানা ও অন্যান্য তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। অনলাইনে ফরম পূরণের ঠিকানা : [sonamoni.org](http://sonamoni.org)
২. ফরমে সকল প্রয়োজনীয় তথ্য দেওয়ার পর সাবমিট অপশন আসবে। সেখানে ক্লিক করলে ডাউনলোড অপশন দেখাবে। ডাউনলোড অপশনে ক্লিক করে রেজিস্ট্রেশন কার্ডটি ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে এবং শাখা, উপজেলা, থানা ও কেন্দ্রীয় প্রতিযোগিতায় অবশ্যই সঙ্গে আনতে হবে। রেজিস্ট্রেশন কার্ড ছাড়া কোন প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

৩. কেন্দ্রীয় পর্যায়ে অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকে ১০০/- (একশত) টাকা প্রদান করে এডমিট কার্ড গ্রহণ করতে হবে।
৪. সোনামণি বালক ও বালিকাদের পৃথকভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং পুরস্কারও পৃথকভাবে দেওয়া হবে।
৫. পরীক্ষার মৌখিক অংশে প্রতি বিভাগে ৩ জন করে বিচারক থাকবেন।
৬. প্রতিটি গ্রুপের বাছাইকৃত তিনজন সোনামণিকে পরবর্তী স্তরে প্রতিযোগিতার সুযোগ দেওয়া হবে।
৭. শাখা, উপযেলা ও যেলা পরিচালকবৃন্দ স্ব স্ব স্তরের 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' ও 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ'-এর সভাপতি/উপদেষ্টার সাথে পরামর্শক্রমে প্রতিযোগিতার সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন ও পুরস্কার প্রদান করবেন।
৮. কেন্দ্রীয় পর্যায়ে লিখিত ও এমসিকিউ প্রতিযোগিতা শেষে প্রতিটি গ্রুপ থেকে পাঁচজন সোনামণিকে নিয়ে উন্মুক্ত মঞ্চে চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হবে।
৯. সার্বিক বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

#### ১০. পুরস্কার :

- (ক) প্রথম পুরস্কার : ১০,০০০/- টাকা, ট্রেস্ট ও সনদ।
- (খ) দ্বিতীয় পুরস্কার : ৮,০০০/- টাকা, ট্রেস্ট ও সনদ।
- (গ) তৃতীয় পুরস্কার : ৬,০০০/- টাকা, ট্রেস্ট ও সনদ।

এছাড়াও কেন্দ্রীয় পর্যায়ে অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকে উৎসাহ পুরস্কার প্রদান করা হবে।

#### ♦ প্রতিযোগিতার তারিখ :

১. শাখা : ৪ঠা সেপ্টেম্বর (শুক্রবার, সকাল ৮-টা)।
২. উপযেলা : ১১ই সেপ্টেম্বর (শুক্রবার, সকাল ৮-টা)।
৩. যেলা : ১৮শে সেপ্টেম্বর (শুক্রবার, সকাল ৮-টা)।
৪. কেন্দ্রীয় কার্যালয় : ৮ই অক্টোবর (বৃহস্পতিবার, সকাল ৮-টা)।
৫. চূড়ান্ত পর্ব : ৮ই অক্টোবর (বৃহস্পতিবার, বাদ আছর)।

উল্লেখ্য যে, দেশের সার্বিক পরিস্থিতি অনুযায়ী সকল স্তরের প্রতিযোগিতার তারিখ পরিবর্তন হতে পারে।

## জাগরণী

### ১. ফুটন্ত গোলাপ

‘সোনামণি’ এক ফুটন্ত গোলাপের নাম ।  
 রাসূলের আদর্শে জীবন গড়ার সংগ্রাম ॥  
 দশটি গুণাবলী আর নীতিবাক্য পাঁচ  
 জীবন গড়ার এক অভিনব ছাঁচ ।  
 পথহারা পাবে পথের সন্ধান ।  
 দূর হয়ে যাবে যত কলুষ-কুণাম । -ঐ

এ নামে যে এত মধু  
 হৃদয় আকুল করা জাদু ।  
 মুমিন হৃদয়ের কামনা  
 তৃষিত হৃদয়ের বাসনা  
 সর্বত্র বিরাজিত যার সুনাম ।  
 সে যে সোনামণি, সে যে এক পুষ্পকলি । -ঐ

### ২. কুরআন শিক্ষা

মাগো আমি শিখবো নাকো হাট্টিমাটিম টিম  
 শিখবো আমি কুরআন থেকে আলিফ-লাম-মীম ॥  
 ১০টি করে ছওয়াব মাগো একটি হরফে  
 একথাটি অনেক দামী হাদীছে আছে ॥  
 কষ্ট যতই হোক না মাগো থাকবো না জ্ঞানহীন । -ঐ  
 কুরআন হলো ঐ সে বাণী মহান প্রভুর দান  
 কুরআন দিয়ে গড়লে জীবন হবো সফলকাম ॥  
 দো‘আ করুন যেন আমি থাকি অলসহীন । -ঐ  
 কুরআন বুঝে পড়বো মাগো মানবো বিধান তার  
 হকের উপর কায়ম থেকে করবো তার প্রচার ॥  
 দো‘আ কর মাগো আমায় আল্লাহ তাওফীক দিন । -ঐ

### ৩. সোনাগি

এসো সোনাগি! এসো জলদী করি!!  
 রাসূলের আদর্শে জীবন গড়ি।  
 শিশু-কিশোরদের মাঝে আনি ইসলামী চেতনা  
 ব্যক্তি, সমাজ গড়ে করি আল্লাহর সন্তোষ কামনা।  
 প্রচার, সংগঠন, প্রশিক্ষণ  
 আর সমাজ সংস্কার (২বার)  
 জাতি গঠনে এই মোদের কর্মসূচী চার। -ঐ  
 তাওহীদ মোরা করব কায়েম  
 জীবনের সকল শাখে (২বার)  
 রাসূলের দেখানো পথে মোরা, মোরা চলব একসাথে। -ঐ

### ৪. বাতিলের ঐ বন্ধ দুয়ার

বাতিলের ঐ বন্ধ দুয়ার খুলে  
 সোনাগিরা আয়রে দলে দলে  
 সাজাবো মোরা জীবনটাকে  
 অহি-র ফুলে ফুলে॥  
 রাসূলের আদর্শ দিয়ে গড়ব জীবন মোরা  
 চাঁদনী রাতের গগন মাঝে আমরা দীপ্ত তারা (২)  
 পথ হারাদের আনব ফিরে  
 সঠিক পথের মূলে॥ -ঐ  
 কুরআন-সুন্নাহর মশাল জ্বেলে ঘুচাব অন্ধকার  
 ঘুণে ধরা এই সমাজটাকে করব সংস্কার (২)  
 সফল হয়ে পার হতে চাই  
 পুলছিরাতের পূলে। -ঐ

## ৫. এসো হে জনতা

সোনামণি ডেকে বলে যায়, এসো হে জনতা সবাই॥

এসো ইসলামী আলোকে তাওহীদী পথে॥

এসো হে জনতা সবাই

কুরআনের পথ যে রাসূলের পথ

এই পথে চল হে মুসলিম সবাই॥

এসো এই পথের আলোকে তাওহীদী জগতে

জগতের মুসলিম ভাই, এসো হে জনতা সবাই। -এ

ইসলামী জ্ঞানের সাধনা কর।

নবীদের দেখানো পথে চল।

এই পথের আলোকে বিশ্ব জগতে

ডাক হে মুসলিম সবাই। -এ

## ৬. আল্লাহ আমার রব

আল্লাহ আমার প্রতিপালক

আল্লাহ আমার রব,

এই পৃথিবীর মালিক তিনি

তঁরই হাতে সবাই॥

তঁকেই মোদের স্রষ্টা জেনে

তঁর নবীকে রাসূল মেনে

সফলতা সম্ভব॥

পাপ সাগরে কভু যদি

যাই হারিয়ে ভুলে,

তওবা নায়ের পাল উড়িয়ে

আসব ফিরে কূলে।

পাপের সাথে আমরা কভু

রাখবনা সংশ্রব॥

জীবন গাছের পাতাগুলো

পড়বে যেদিন ঝরে,

বিরান হয়ে এই পৃথিবীর

সবই রবে পড়ে।

মরণের স্বাদ সেদিন

সবাই করব অনুভব॥

## ৭. আমরা সোনামণি

এখন থেকেই শপথ নেব

আমরা সোনামণি

অহি-র আলোয় গড়ব মোদের

ছোট্ট জীবন খানি (২)

পাঁচ ওয়াক্ত ছালাত আদায়

করব ঠিক জামা'আতে

শয্যা ছাড়ি উঠব সবাই

আযান শেষ না হতে (২)

ছালাত শেষে না ঘুমিয়ে

পড়ব আল্লাহর বাণী

আমরা সোনামণি। -ঐ

রামাযান এলে রাখব ছিয়াম

ক্বিয়াম করব রাতে

খুলে দিব দানের দু'হাত

রইব মুনাযাতে (২)

ভাঙ্গব প্রাচীর ভেদাভেদের

মিটবে হানাহানি

আমরা সোনামণি। -ঐ

## ৮. পিতা-মাতার সেবা

পিতা-মাতা আছে যার শোন দিয়ে মন  
পিতা-মাতার সেবাই হল সর্বশ্রেষ্ঠ ধন।

মায়ের পদতলে জান্নাত রাসুলের ফরমান  
পিতা খুশি হলেই খুশি স্বয়ং রহমান।  
তাদের সেবায় কাটাও তোমার দিনমান। ঐ

কষ্ট কত সয়েছে মা রাত জেগেছে কত  
পিতা সয়েছে রৌদ্র-দহন লুকিয়ে ক্ষত।  
তাদের কষ্ট দেবে নাকো এই কর পণ। ঐ

বড় হয়ে ভাবছ বুঝি সব করেছ জয়  
পিতা-মাতার চোখের পানি তোমার পরাজয়!  
জান্নাতী সুখ পেতে কর তাদের মূল্যায়ন। ঐ

## ইসলামী জ্ঞান

১. প্রশ্ন : আমাদের সৃষ্টিকর্তা ও রিযিকদাতা কে?  
উত্তর : আল্লাহ।
২. প্রশ্ন : আল্লাহ কোথায় আছেন?  
উত্তর : সাত আসমানের উপরে আরশে সমুন্নত (ভূয়্যাহা ৫)।
৩. প্রশ্ন : আল্লাহ কি নিরাকার?  
উত্তর : না, আল্লাহ নিরাকার নন। তাঁর নিজস্ব আকার আছে। কিন্তু তা কারো সাথে তুলনীয় নয় (শূরা ১১)।
৪. প্রশ্ন : আল্লাহ তা'আলা কেন আমাদের সৃষ্টি করেছেন?  
উত্তর : কেবল তাঁর ইবাদত করার জন্য (যারিয়াত ৫৬)।
৫. প্রশ্ন : আমাদের নবী কে?  
উত্তর : হযরত মুহাম্মাদ (ছা.)।

৬. প্রশ্ন : মুহাম্মাদ (ছা.) কে ছিলেন?  
উত্তর : আল্লাহর নবী ও রাসূল।
৭. প্রশ্ন : আমরা কোন নবীর উম্মত?  
উত্তর : মুহাম্মাদ (ছা.)-এর উম্মত।
৮. প্রশ্ন : মুহাম্মাদ (ছা.) কীসের তৈরী?  
উত্তর : মাটির তৈরী (কাহফ ১১০)।
৯. প্রশ্ন : তিনি কি নূরের তৈরী?  
উত্তর : না (কাহফ ১১০)।
১০. প্রশ্ন : ফেরেশতারা কীসের তৈরী?  
উত্তর : নূরের তৈরী (রহমান ১৫ ও মুসলিম, মিশকাত হা/৫৭০১)।
১১. প্রশ্ন : ফেরেশতাগণের সর্দার কে?  
উত্তর : জিব্রীল (আ.)।
১২. প্রশ্ন : জিনদের কী হতে সৃষ্টি করা হয়েছে?  
উত্তর : আগুনের ফুলকি।
১৩. প্রশ্ন : আল্লাহর নিকট একমাত্র মনোনীত ধর্ম কী?  
উত্তর : ইসলাম।
১৪. প্রশ্ন : ইসলাম শব্দের অর্থ কী?  
উত্তর : আল্লাহর নিকট আত্মসমর্পণ করা।
১৫. প্রশ্ন : ইসলামের মূল স্তম্ভ কয়টি ও কী কী?  
উত্তর : ৫টি। যথা : ১. কালেমা ২. ছালাত ৩. ছিয়াম ৪. হজ্জ ৫. যাকাত।
১৬. প্রশ্ন : কালেমায়ে তুইয়েবাহ কী?  
উত্তর : ‘লা ইলা-হা ইল্লাল্লাহ’ অর্থ : নেই কোন উপাস্য আল্লাহ ব্যতীত।
১৭. প্রশ্ন : তাওহীদ কাকে বলে?  
উত্তর : আল্লাহকে এক বলে জানা এবং একমাত্র তাঁরই উদ্দেশ্যে সকল ইবাদত করাকে ‘তাওহীদ’ বলে।

১৮. প্রশ্ন : ‘আল-আসমাউল হুসনা’ অর্থ কী?  
উত্তর : আল্লাহর সুন্দর নামসমূহ।
১৯. প্রশ্ন : হাদীছের ভাষায় আল্লাহর কয়টি গুণবাচক নাম রয়েছে?  
উত্তর : ৯৯টি।
২০. প্রশ্ন : শিরক কী?  
উত্তর : আল্লাহর সাথে অন্য কাউকে শরীক করা বা অংশীদার স্থাপন করা।
২১. প্রশ্ন : সবচেয়ে বড় পাপ কোনটি?  
উত্তর : শিরক (লোকমান ১৩)।
২২. প্রশ্ন : মূর্তিপূজা ও কবরপূজা কী?  
উত্তর : শিরক।
২৩. প্রশ্ন : কবরের দিকে ফিরে ছালাত আদায় করা যাবে কি?  
উত্তর : যাবে না (মুসলিম, মিশকাত হা/১৬৯৬-৯৯)।
২৪. প্রশ্ন : মৃত ব্যক্তি কোন কথা শুনে পায় কি? অথবা কোন উপকার বা ক্ষতি করতে পারে কি?  
উত্তর : না (নামল ৮০)।
২৫. প্রশ্ন : আল্লাহ ব্যতীত অন্য কাউকে রোগের আরোগ্যকারী মনে করা কী?  
উত্তর : শিরক।
২৬. প্রশ্ন : আল্লাহ ব্যতীত অন্য কাউকে রিযিকদাতা ও বিধানদাতা বলে বিশ্বাস করা কী?  
উত্তর : শিরক।
২৭. প্রশ্ন : আল্লাহর নাম বাদ দিয়ে অন্য কারো নামে কসম করা যাবে কি?  
উত্তর : না, এটা শিরক।
২৮. প্রশ্ন : মৃত ব্যক্তির সম্মানে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা যাবে কি?  
উত্তর : না, এটা শিরকী কাজ।

২৯. প্রশ্ন : ছালাত শব্দের অর্থ কী?  
উত্তর : দো'আ বা প্রার্থনা করা।
৩০. প্রশ্ন : রাত ও দিনে পাঁচ ওয়াক্ত ছালাত আদায় করা কী?  
উত্তর : ফরয।
৩১. প্রশ্ন : কত বছর বয়সে সন্তানকে ছালাতের আদেশ করতে হবে?  
উত্তর : সাত বছর বয়সে।
৩২. প্রশ্ন : কত বছর বয়সে ছালাত আদায় না করা জন্য বেদ্রাঘাত করতে হবে?  
উত্তর : দশ বছর বয়সে।
৩৩. প্রশ্ন : ছালাত পরিত্যাগ করা কী?  
উত্তর : কুফরী।
৩৪. প্রশ্ন : ক্বিয়ামতের দিন সর্বপ্রথম কীসের হিসাব নেওয়া হবে?  
উত্তর : ছালাতের।
৩৫. প্রশ্ন : পাঁচ ওয়াক্ত ছালাতে মোট কত রাক'আত ফরয?  
উত্তর : ১৭ রাক'আত।
৩৬. প্রশ্ন : ফজরের ফরয ছালাত কত রাক'আত?  
উত্তর : ২ রাক'আত।
৩৭. প্রশ্ন : মাগরিবের ফরয ছালাত কত রাক'আত?  
উত্তর : ৩ রাক'আত।
৩৮. প্রশ্ন : এশার ফরয ছালাত কত রাক'আত?  
উত্তর : ৪ রাক'আত।
৩৯. প্রশ্ন : যোহরের ফরয ছালাত কত রাক'আত?  
উত্তর : ৪ রাক'আত।
৪০. প্রশ্ন : আছরের ফরয ছালাত কত রাক'আত?  
উত্তর : ৪ রাক'আত।
৪১. প্রশ্ন : কোন ছালাতে একমুত দিতে হয়?  
উত্তর : ফরয ছালাতে।

৪২. প্রশ্ন : কোন ছালাতে রুকু-সিজদা নেই?  
উত্তর : জানাযার ছালাতে ।
৪৩. প্রশ্ন : ছিয়াম শব্দের অর্থ কী?  
উত্তর : বিরত থাকা ।
৪৪. প্রশ্ন : রমায়ান মাস হিজরী সালের কত তম মাস?  
উত্তর : নবম মাস ।
৪৫. প্রশ্ন : ছিয়াম পালনকারী কোন দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করবে?  
উত্তর : রাইয়ান ।
৪৬. প্রশ্ন : ছিয়ামের প্রতিদান কে দান করবেন?  
উত্তর : আল্লাহ নিজে দান করবেন ।
৪৭. প্রশ্ন : ভুলক্রমে কোন কিছু খেলে বা পান করলে ছিয়াম ভঙ্গ হবে কি?  
উত্তর : না (বুখারী হা/১৯৩৩) ।
৪৮. প্রশ্ন : সপ্তাহের কোন দুই দিন রাসূলুল্লাহ (ছা.) ছিয়াম পালন পসন্দ করতেন?  
উত্তর : সোমবার ও বৃহস্পতিবার ।
৪৯. প্রশ্ন : ইফতারের শুরুতে কী বলতে হয়?  
উত্তর : বিসমিল্লাহ ।
৫০. প্রশ্ন : দেরী করে ইফতার করা যাবে কি?  
উত্তর : না ।
৫১. প্রশ্ন : হজ্জ-এর আভিধানিক অর্থ কী?  
উত্তর : ইচ্ছা করা ।
৫২. প্রশ্ন : ওমরাহ-এর আভিধানিক অর্থ কী?  
উত্তর : যিয়ারত করা বা সংকল্প করা ।
৫৩. প্রশ্ন : ওমরাহ করার বিধান কী?  
উত্তর : সুন্নাত ।
৫৪. প্রশ্ন : সামর্থ্যবান ব্যক্তির উপর হজ্জ করার হুকুম কী?  
উত্তর : ফরয ।

৫৫. প্রশ্ন : হজ্জ পালনের জন্য কোথায় যেতে হয়?  
উত্তর : মক্কায়।
৫৬. প্রশ্ন : কবুল হজ্জের প্রতিদান কী?  
উত্তর : জান্নাত।
৫৭. প্রশ্ন : হজ্জের দিন কোনটি?  
উত্তর : ৯ই যিলহজ্জ।
৫৮. প্রশ্ন : মুমিনের জন্য জীবনে কতবার হজ্জ ফরয?  
উত্তর : একবার।
৫৯. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছা.) জীবনে কতবার হজ্জ পালন করেছেন?  
উত্তর : একবার।
৬০. প্রশ্ন : হজ্জের রুকন কয়টি?  
উত্তর : ৪টি।
৬১. প্রশ্ন : ওমরাহর রুকন কয়টি?  
উত্তর : ৩টি।
৬২. প্রশ্ন : ত্বাওয়াফ অর্থ কী?  
উত্তর : ঘোরা বা প্রদক্ষিণ করা।
৬৩. প্রশ্ন : কা'বাঘর কতবার প্রদক্ষিণ করতে হয়?  
উত্তর : ৭ বার।
৬৪. প্রশ্ন : 'যাকাত' শব্দের অর্থ কী?  
উত্তর : পবিত্রতা, বৃদ্ধি লাভ করা।
৬৫. প্রশ্ন : যাকাত কত হিজরীতে ফরয হয়?  
উত্তর : দ্বিতীয় হিজরীতে।
৬৬. প্রশ্ন : কে কাকে যাকাত দিবে?  
উত্তর : ধনীরা গরীবকে যাকাত দিবে।
৬৭. প্রশ্ন : যাকাত আদায় করার হুকুম কী?  
উত্তর : ফরয।

৬৮. প্রশ্ন : যাকাত দিলে কি সম্পদ কমে যায়?  
উত্তর : না, বরং বৃদ্ধি পায়।
৬৯. প্রশ্ন : ক্বিয়ামতের নির্দিষ্ট সময়ে শিঙ্গায় ফুঁক দিবেন কোন ফেরেশতা?  
উত্তর : ইস্রাফীল (আ.)।
৭০. প্রশ্ন : ইস্রাফীল (আ.) শিঙ্গায় কয়বার ফুঁক দিবেন?  
উত্তর : দু'বার।
৭১. প্রশ্ন : আখেরাতের প্রথম মনযিল কোনটি?  
উত্তর : কবর।
৭২. প্রশ্ন : মুমিনের মূল লক্ষ্য কী?  
উত্তর : আল্লাহর আদেশ-নিষেধ মান্য করার মাধ্যমে আখেরাতে মুক্তি লাভ করা।
৭৩. প্রশ্ন : কবরের আযাব কি সত্য?  
উত্তর : হ্যাঁ, কবরের আযাব অবশ্যই সত্য (বুখারী হা/১৩৭২)।
৭৪. প্রশ্ন : মুমিন ব্যক্তির জন্য কবরে কীসের ব্যবস্থা করা হবে?  
উত্তর : জান্নাতের সুবাতাস ও সুগন্ধির।
৭৫. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছা.) প্রত্যেক ছালাতে কোন বিষয় থেকে মুক্তি চাইতেন?  
উত্তর : কবরের আযাব থেকে (বুখারী হা/১৩৭২)।
৭৬. প্রশ্ন : কবরে মৃত ব্যক্তির নিকট প্রশ্নকারী দুই ফেরেশতার নাম কী?  
উত্তর : মুনকার ও নাকীর।
৭৭. প্রশ্ন : মীযান অর্থ কী?  
উত্তর : দাঁড়িপাল্লা।
৭৮. প্রশ্ন : মীযান দিয়ে কী করা হবে?  
উত্তর : মানুষের ছোট-বড় পাপ ও পুণ্য ওয়ান করা হবে।
৭৯. প্রশ্ন : জান্নাত শব্দের আভিধানিক অর্থ কী?  
উত্তর : বাগিচা, বাগান, উদ্যান।

৮০. প্রশ্ন : জান্নাতের বিপরীতে কোন শব্দটি ব্যবহৃত হয়?  
উত্তর : জাহান্নাম।
৮১. প্রশ্ন : জান্নাতের দরজা কয়টি?  
উত্তর : ৮টি (বুখারী হা/৩৪৩৫)।
৮২. প্রশ্ন : কাকে জান্নাতের সকল দরজা দিয়ে আহ্বান করা হবে?  
উত্তর : আবু বকর (রা.)-কে।
৮৩. প্রশ্ন : জান্নাতের সর্বোচ্চ স্তরের নাম কী?  
উত্তর : ফেরদাউস।
৮৪. প্রশ্ন : জান্নাতের পাত্রসমূহ কেমন হবে?  
উত্তর : স্বর্ণ ও রৌপ্য নির্মিত (মুসলিম হা/২৮৩৮)।
৮৫. প্রশ্ন : জান্নাতে সপ্তাহের কোনদিন বাজার বসবে?  
উত্তর : প্রতি শুক্রবারে।
৮৬. প্রশ্ন : জান্নাতীদের খাদেম কারা হবে?  
উত্তর : কিশোর বালকরা।
৮৭. প্রশ্ন : জান্নাতীদের নিকট কীসের গোশত পরিবেশন করা হবে?  
উত্তর : পাখির গোশত।
৮৮. প্রশ্ন : জান্নাতের অধিকাংশ অধিবাসী কারা?  
উত্তর : দরিদ্র ও মিসকীন।
৮৯. প্রশ্ন : জান্নাতের সর্ববৃহৎ নদীর নাম কী?  
উত্তর : আল-কাওছার।
৯০. প্রশ্ন : জান্নাতের বৃক্ষের কাণ্ড কীসের তৈরী হবে?  
উত্তর : স্বর্ণের (তিরমিযী হা/২৫২৪)।
৯১. প্রশ্ন : জান্নাতের বাগানে নিজের জন্য সংরক্ষিত বৃক্ষ বৃদ্ধির উপায় কী?  
উত্তর : সুবহা-নাল্ল-হ, আল-হামদুলিল্লা-হ, লা ইলা-হা ইল্লাল্লা-হ, আল্ল-হু আকবর-তাসবীহ পাঠ করা (তিরমিযী হা/৩৪৬২)।

৯২. প্রশ্ন : জান্নাতের সুগন্ধি কতদূর থেকে পাওয়া যাবে?  
উত্তর : ৫০০ বছরের দূরত্ব থেকে (ইবনু মাজাহ হা/২৬১১)।
৯৩. প্রশ্ন : জান্নাতের সর্বশ্রেষ্ঠ সুগন্ধি কী?  
উত্তর : মেহেদী (সিলসিলা ছহীহাহ হা/১৪২০)।
৯৪. প্রশ্ন : মানব সৃষ্টির সূচনালগ্নে আদম ও হাওয়া (আ.)-কে কোথায় রাখা হয়েছিল?  
উত্তর : জান্নাতে।
৯৫. প্রশ্ন : জান্নাতে সর্বপ্রথম প্রবেশ করবেন কে?  
উত্তর : শেষনবী হযরত মুহাম্মাদ (ছা.) (মুসলিম হা/১৯৭)।
৯৬. প্রশ্ন : মি'রাজ শব্দের অর্থ কী?  
উত্তর : উর্ধ্ব গমন।
৯৭. প্রশ্ন : রাসূল (ছা.) জান্নাত ও জাহান্নাম কখন দেখেছিলেন?  
উত্তর : মি'রাজে গিয়ে।
৯৮. প্রশ্ন : জাহান্নাম কী?  
উত্তর : পাপী ও অবাধ্যদের শাস্তির স্থান।
৯৯. প্রশ্ন : জাহান্নামের আগুনের উত্তাপ পৃথিবীর আগুনের চেয়ে কতগুণ বেশি?  
উত্তর : ৭০ গুণ।
১০০. প্রশ্ন : জাহান্নামের জ্বালানী কী হবে?  
উত্তর : পাপী মানুষ ও পাথর।
১০১. প্রশ্ন : জাহান্নামীদের খাদ্য কী হবে?  
উত্তর : কাঁটায়ুক্ত যাক্কুম গাছ।
১০২. প্রশ্ন : জাহান্নামীদের কেমন পানি পান করানো হবে?  
উত্তর : জাহান্নামের পুঁজ মিশানো পানি (ইবরাহীম ১৪/১৬)।
১০৩. প্রশ্ন : জাহান্নামীদের পোশাক কীসের তৈরী হবে?  
উত্তর : আগুনের।

১০৪. প্রশ্ন : জাহান্নামীদের মাথার উপরে কেমন পানি ঢালা হবে?  
উত্তর : ফুটন্ত পানি।
১০৫. প্রশ্ন : জাহান্নামের কয়টি স্তর রয়েছে?  
উত্তর : ৭টি।
১০৬. প্রশ্ন : প্রতি ১ হাজারে কতজন জাহান্নামে যাবে?  
উত্তর : ৯৯৯ জন।
১০৭. প্রশ্ন : কার গাল লোহার সাঁড়াশি দ্বারা চিরে শাস্তি দেয়া হবে?  
উত্তর : মিথ্যাবাদীর।
১০৮. প্রশ্ন : টাখনুর নিচে কাপড় পরিধান করার পরিণাম কী?  
উত্তর : টাখনুর নিচে কাপড় বুলিয়ে পরার পরিণাম জাহান্নাম।
১০৯. প্রশ্ন : মুহাম্মাদ (ছা.) কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?  
উত্তর : ৫৭১ খ্রিষ্টাব্দ মোতাবেক ৯ই রবীউল আউয়াল, সোমবার।
১১০. প্রশ্ন : মুহাম্মাদ (ছা.) কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন?  
উত্তর : ৬৩২ খ্রিষ্টাব্দে, ৬ই জুন। ১১ হিজরী সনের ১লা রবীউল আউয়াল, সোমবার।
১১১. প্রশ্ন : মুহাম্মাদ (ছা.)-এর জন্ম-মৃত্যু কোথায়?  
উত্তর : মক্কায় জন্মগ্রহণ করেন এবং মদীনায় মৃত্যুবরণ করেন।
১১২. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছা.) কত বছর জীবিত ছিলেন?  
উত্তর : ৬৩ বছর।
১১৩. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছা.)-এর দুধমাতা কে ছিলেন?  
উত্তর : হালীমা সা'দিয়াহ।
১১৪. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছা.)-এর পিতা-মাতার নাম কী ছিল?  
উত্তর : পিতার নাম আব্দুল্লাহ ও মাতার নাম আমেনা।
১১৫. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছা.)-এর দাদা-দাদীর নাম কী ছিল?  
উত্তর : দাদার নাম আব্দুল মুত্তালিব ও দাদীর নাম ফাতেমা।
১১৬. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছা.)-এর নানা-নানীর নাম কী ছিল?  
উত্তর : নানার নাম ওয়াহ্‌ব ও নানীর নাম ছিল বার্বাহ।

১১৭. প্রশ্ন : রাসূল (ছা.)-এর কতজন সন্তান-সন্ততি ছিল?  
উত্তর : ৩ ছেলে ও ৪ মেয়ে।
১১৮. প্রশ্ন : ইসলামের ইতিহাসে প্রথম মুসলিম কে?  
উত্তর : খাদীজা (রা.), রাসূল (ছা.)-এর প্রথম স্ত্রী।
১১৯. প্রশ্ন : ইসলামের প্রথম শহীদ কে?  
উত্তর : মহিলা ছাহাবী সুমাইয়া (রযিয়াল্ল-হু আনহা)।
১২০. প্রশ্ন : প্রথম মুসলিম বালক কে?  
উত্তর : হযরত আলী (রা.)।
১২১. প্রশ্ন : ইসলামের প্রথম মুওয়াযযিনের নাম কী?  
উত্তর : বেলাল (রা.)।
১২২. প্রশ্ন : পৃথিবীতে মোট কতজন নবী ও রাসূল প্রেরিত হয়েছেন?  
উত্তর : এক লক্ষ চব্বিশ হাজার (আহমাদ, মিশকাত হা/৫৭৩৪)।
১২৩. প্রশ্ন : পবিত্র কুরআনে কতজন নবীর কথা বর্ণিত হয়েছে?  
উত্তর : ২৫ জন।
১২৪. প্রশ্ন : মানুষের আদি পিতা ও মাতা কে ছিলেন?  
উত্তর : আদম ও হাওয়া (আ.)।
১২৫. প্রশ্ন : প্রথম মানুষ ও প্রথম নবী কে ছিলেন?  
উত্তর : আদম (আ.)।
১২৬. প্রশ্ন : পৃথিবীতে প্রথম রাসূল কে ছিলেন?  
উত্তর : নূহ (আ.)।
১২৭. প্রশ্ন : মুহাম্মাদ (ছা.)-এর পরে আর কোন নবী আসবেন কি?  
উত্তর : না।
১২৮. প্রশ্ন : নবী (ছা.) কত বছর বয়সে নবুঅত লাভ করেন?  
উত্তর : ৪০ বছর।
১২৯. প্রশ্ন : রাসূল (ছা.) কত খ্রিষ্টাব্দে মক্কা থেকে মদীনায় হিজরত করেন?  
উত্তর : ৬২২ খ্রিষ্টাব্দে।

১৩০. প্রশ্ন : পবিত্র কুরআনে কোন নবীর আলোচনা বেশি এসেছে?  
উত্তর : মূসা (আ.)-এর।
১৩১. প্রশ্ন : আসমানী কিতাবসমূহের মধ্যে প্রধান কিতাব কয়টি ও কী?  
উত্তর : ৪টি। তাওরাত, যাবূর, ইনজীল ও কুরআন।
১৩২. প্রশ্ন : আল্লাহ মূসা (আ.)-কে কোন কিতাব প্রদান করেন?  
উত্তর : তাওরাত।
১৩৩. প্রশ্ন : দাউদ (আ.)-এর উপর কোন কিতাব নাযিল হয়েছিল?  
উত্তর : যাবূর।
১৩৪. প্রশ্ন : ঈসা (আ.)-এর উপর কোন কিতাব নাযিল হয়েছিল?  
উত্তর : ইনজীল।
১৩৫. প্রশ্ন : আল্লাহ শেষনবী মুহাম্মাদ (ছা.)-কে কোন কিতাব প্রদান করেন?  
উত্তর : কুরআন মাজীদ।
১৩৬. প্রশ্ন : কত খ্রিষ্টাব্দে বদর যুদ্ধ সংঘটিত হয়েছিল?  
উত্তর : ৬২৪ খ্রিষ্টাব্দে।
১৩৭. প্রশ্ন : কত খ্রিষ্টাব্দে ওহোদ যুদ্ধ সংঘটিত হয়েছিল?  
উত্তর : ৬২৫ খ্রিষ্টাব্দে।
১৩৮. প্রশ্ন : কোন যুদ্ধে রাসূলুল্লাহ (ছা.)-এর দাঁত ভেঙ্গেছিল?  
উত্তর : ওহোদ যুদ্ধে।
১৩৯. প্রশ্ন : কত খ্রিষ্টাব্দে মক্কা বিজয় হয়?  
উত্তর : ৬৩০ খ্রিষ্টাব্দে।
১৪০. প্রশ্ন : কুরআন শব্দের অর্থ কী?  
উত্তর : পঠিত অর্থাৎ যা বারবার পড়া হয়।
১৪১. প্রশ্ন : কুরআন কার বাণী?  
উত্তর : আল্লাহর বাণী।

১৪২. প্রশ্ন : কুরআন কোন ভাষায় নাযিল হয়েছে?  
উত্তর : আরবী ।
১৪৩. প্রশ্ন : পবিত্র কুরআন কার উপর নাযিল হয়েছে?  
উত্তর : হযরত মুহাম্মাদ (ছা.)-এর উপর ।
১৪৪. প্রশ্ন : কুরআন মাজীদ কত বছর ধরে নাযিল হয়েছে?  
উত্তর : দীর্ঘ ২৩ বছর ধরে ।
১৪৫. প্রশ্ন : পবিত্র কুরআনে কয়টি পারা আছে?  
উত্তর : ৩০টি ।
১৪৬. প্রশ্ন : পবিত্র কুরআনে কয়টি সূরা আছে?  
উত্তর : ১১৪টি ।
১৪৭. প্রশ্ন : পবিত্র কুরআনে কয়টি আয়াত আছে?  
উত্তর : ৬২৩৬টি ।
১৪৮. প্রশ্ন : পবিত্র কুরআনের সবচেয়ে ছোট সূরা কোনটি?  
উত্তর : সূরা কাওছার । আয়াত সংখ্যা ৩টি ।
১৪৯. প্রশ্ন : পবিত্র কুরআনের সবচেয়ে বড় সূরা কোনটি?  
উত্তর : সূরা বাক্বারাহ । মোট আয়াত সংখ্যা ২৮৬টি ।
১৫০. প্রশ্ন : পবিত্র কুরআনের আম্মাপারায় সর্বমোট কয়টি সূরা আছে?  
উত্তর : ৩৭টি ।
১৫১. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বেশি পঠিত গ্রন্থ কোনটি?  
উত্তর : কুরআন মাজীদ ।
১৫২. প্রশ্ন : পবিত্র কুরআন কোন মাসে নাযিল হয়েছে?  
উত্তর : রমায়ান মাসে (বাক্বারাহ ২/১৮৫) ।
১৫৩. প্রশ্ন : কোন রাত্রিতে কুরআন নাযিল হয়?  
উত্তর : কুদরের রাত্রিতে (কুদর ৯৭/১-৩) ।
১৫৪. প্রশ্ন : কোন পর্বতের গুহায় শেষনবী (ছা.)-এর নিকট সর্বপ্রথম অহি (কুরআন) অবতীর্ণ হয়?  
উত্তর : 'জাবালে নূর' পর্বতের 'হেরা' গুহায় ।

১৫৫. প্রশ্ন : মুনাফিকের আলামত বা নিদর্শন কয়টি?  
উত্তর : তিনটি। (১) মিথ্যা কথা বলা (২) আমানতের খেয়ানত করা ও (৩) ওয়াদা ভঙ্গ করা (বুখারী হা/৩৩)।
১৫৬. প্রশ্ন : কোন নবীর মা ও আব্বা ছিলেন না?  
উত্তর : হযরত আদম (আলাইহিস সালাম)-এর।
১৫৭. প্রশ্ন : কোন নবীর শুধু মা ছিলেন, আব্বা ছিলেন না?  
উত্তর : হযরত ঈসা (আলাইহিস সালাম)-এর।
১৫৮. প্রশ্ন : 'বায়তুল মা'মূর' কী এবং কোথায় অবস্থিত?  
উত্তর : ফেরেশতাদের ইবাদতখানা। সপ্তম আসমানে।
১৫৯. প্রশ্ন : মহান আল্লাহ কোন জিনিস থেকে আগুন সৃষ্টি করেছেন?  
উত্তর : সবুজ বৃক্ষ থেকে (ইয়াসীন ৩৬/৮০)।
১৬০. প্রশ্ন : আল্লাহ তা'আলা সর্বপ্রথম কী সৃষ্টি করেছিলেন?  
উত্তর : কলম।